# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 28.07.2024** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মাইক্রোফোন অফ করে দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোর তুঙ্গে।

# মুখ্যমন্ত্রীর এই অভিযোগ অস্বীকার করেছে কেন্দ্র।

# গোটা ঘটনাই মুখ্যমন্ত্রীর পরিকল্পিত বলে দাবি করেছে রাজ্যের বিরোধীরা।

২) দক্ষিণবঙ্গে আমন চাষে বৃষ্টির ঘাটতি সামাল দিতে জল ছাড়া শুরু করেছে ডিভিসি।

৩) কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত অভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গ জল জীবন মিশনের বরাদ্দ অর্থ খরচ করতে ব্যর্থ হয়েছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবানীতে মন কি বাত অনুষ্ঠানের তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৪) পাঁচটি জেলায় ডেঙ্গুর প্রকোপ বাড়লেও, এনিয়ে আশঙ্কার কোন কারণ নেই বলে রাজ্য সরকার জানিয়েছে।

৫) ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান তাদের প্রথম ম্যাচটি জিতেছে।

---

নীতি আয়োগের গর্ভর্নিং কাউন্সিলের বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মাইক্রোফোন অফ করে দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোর তুঙ্গে। মুখ্যমন্ত্রীর এই অভিযোগ কেন্দ্র অস্বীকার করেছে। অর্থমন্ত্রী নির্মলা সীতারমনও বলেছেন, মমতা ব্যানার্জীর অভিযোগ ঠিক নয়। চাইলেই তিনি বক্তব্য দীর্ঘ করতেই পারতেন।

দিল্লি থেকে বিকেলে কলকাতায় ফিরে মুখ্যমন্ত্রী দাবি করেন, বারবার বেল বাজিয়ে তাঁকে থামতে বলা হয়েছে, যা অত্যন্ত অপমানজনক।

(বাইট – Mamata at Kolkata)

এর আগে কেন্দ্রের তরফে বলা হয়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর মাইক্রোফোন বন্ধ করে দেওয়ার কথা ঠিক নয়। তাঁর বলার সময় শেষ হয়ে গেছে বলে ঘড়িতে দেখানো হয়েছিল। তবে, বেল বাজেনি।

সরকারের বক্তব্য, রাজ্যের নামের আদ্যক্ষর অনুযায়ী মধ্যাহ্নভোজের পর মমতা ব্যানার্জীর বলার কথা ছিল। কিন্তু তাড়াতাড়ি ফিরে যেতে হবে বলে আগে বলতে দেওয়ার জন্য তিনি অনুরোধ করায় সপ্তম বক্তা হিসেবে তাঁকে বলার সুযোগ দেওয়া হয়।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণও মুখ্যমন্ত্রীর অভিযোগ খন্ডন করে বলেন, প্রত্যেক মুখ্যমন্ত্রীকেই বলার জন্য নির্দিষ্ট সময় দেওয়া হয়েছিল।

(বাইট – Nirmala on Mamata )

নীতি আয়োগের বৈঠক ২ ঘণ্টা চলার পরই বেরিয়ে আসেন মুখ্যমন্ত্রী। রাষ্ট্রপতি ভবনের বাইরে সাংবাদিকদের কাছে ক্ষোভ উগড়ে দিয়ে তিনি বলেন, বিরোধী দলগুলির মুখ্যমন্ত্রীর মধ্যে একমাত্র তিনিই বৃহত্তর স্বার্থে এই বৈঠকে যোগ দিয়েছিলেন। কিন্তু তাঁকে পাঁচ মিনিটও বলতে দেওয়া হয়নি। অন্ধ্রপ্রদেশ, আসাম সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা

অনেকক্ষণ বলার সুযোগ পেলেও, মাত্র পাঁচ মিনিট বলার পরই তাঁর মাইক বন্ধ করে দেওয়া হয়।

মুখ্যমন্ত্রীর নীতি আয়োগের বৈঠক থেকে বেরিয়ে যাওয়া পুরোপুরি রাজনৈতিক এবং কেন্দ্র বিরোধিতা বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য মুখপাত্র ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্যের অভিযোগ, পরিকল্পিতভাবে রাজনৈতিক প্রতিবাদ জানাতে বৈঠকে এসেছিলেন মুখ্যমন্ত্রী।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও বলেছেন, মুখ্যমন্ত্রীর বৈঠকে যাওয়া এবং বেরিয়ে আসা, সবটাই আগে থেকে তৈরি করা ছিল।

সি পি আই এম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, সত্যই যদি মুখ্যমন্ত্রীর মাইক্রোফোন বন্ধ করে দেওয়া হয়ে থাকে, তবে তা অপমানজনক। সকলেরই তার প্রতিবাদ করা উচিত। কিন্তু মুখ্যমন্ত্রী নিজেও রাজ্যের বিরোধীদের ক্ষেত্রে একই কাজ করেছেন।

---------------------

দক্ষিনবঙ্গে এখনও পর্যন্ত বৃষ্টির ঘাটতি থাকায় আমন চাষের কাজে গতি আনতে ডিভিসি জল ছাড়া শুরু করেছে। গতকাল দুর্গাপুর ব্যারেজ থেকে ৬ হাজার কিউসেক হারে জল ছাড়া শুরু হয়েছে। সেচ দপ্তর সূত্রে জানা গিয়েছে, আগামী ১৫ দিন ধরে এই জল ছাড়া হবে। এরফলে বাঁকুড়া, পূর্ব বর্ধমান, হাওড়া, হুগলির চাষীরা উপকৃত হবেন।

---------------------

কেন্দ্রীয় বাজেটে পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ নিয়ে তৃণমূল কংগ্রেস অপপ্রচার করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত জানিয়েছেন, ২০১৪ সালের আগে রাজ্যের জন্য যে বরাদ্দ করা হতো, বর্তমান সরকারের আমলে, বিশেষ করে চলতি বাজেটে প্রতিটা ক্ষেত্রে সেই

বরাদ্দ বহুগুণ বৃদ্ধি করা হয়েছে। জল জীবন মিশন প্রকল্প যখন ঘোষণা করা হয়েছিল, সেই সময় সারা দেশে শুধুমাত্র ১৬ শতাংশ বাড়িতে পানীয় জল সরবরাহ হতো। বর্তমানে ৭৫ শতাংশ বাড়িতে পানীয় জল পৌঁছেছে। দেশের অনেক রাজ্য জল জীবন মিশন প্রকল্পের ১০০ শতাংশ কাজ সম্পূর্ণ করে ফেলেছে। একমাত্র পশ্চিমবঙ্গ সেই নিরীখে পিছিয়ে রয়েছে। এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ অর্থ  রাজ্য সরকার পুরোপুরি  খরচ করতে পারেনি বলে তাঁর দাবি।

---------------------

গঙ্গা ও তিস্তার জলের সঙ্গে পশ্চিমবঙ্গের স্বার্থ জড়িয়ে থাকলেও বাংলাদেশের সঙ্গে জল বন্টন চুক্তি নিয়ে আলোচনায় রাজ্যকে অন্ধকারে রাখা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ করেছেন। দিল্লি থেকে ফিরে গতকাল কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন, এনিয়ে তাঁর আপত্তির কথা কেন্দ্রকে জানিয়েছেন। বাংলাকে ভাগ করার চক্রান্ত চলছে বলে এদিনও অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

এদিকে, বাংলাভাগের চক্রান্তের অভিযোগে সি পি আই এম গতকাল গড়িয়া মোড় থেকে যাদবপুর পর্যন্ত মিছিল করেন। অংশ নেন সুজন চক্রবর্তী, বিকাশরঞ্জন ভট্টাচার্য, সৃজন ভট্টাচার্য প্রমুখ।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন-কি- বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১১২-তম পর্ব।

বেলা -১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর রও তথ্য

এবং সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন- দফতর কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

---------------------

১৫-ই অগাস্ট থেকে গাড়ি ও মোটর সাইকেলে হাই সিকিউরিটি নম্বরপ্লেট ব্যবহার করা বাধ্যতামূলক করা হচ্ছে। ধাপে ধাপে সমস্ত গাড়িতেই ওই নম্বর প্লেট লাগাতে হবে। না হলে ১৫ই নভেম্বরের পর থেকে জরিমানা নেওয়া শুরু হবে। প্রথমবার এই নম্বর প্লেট ছাড়া গাড়ি বা বাইক চালাতে গিয়ে কেউ ধরা পড়লে জরিমানা দিতে হবে ৫০০ টাকা। দ্বিতীয়বার একই অপরাধ করলে, জরিমানা হবে ১৫০০ টাকা। পরিবহন দফতর ও পুলিশ এজন্য যৌথ ভাবে নজরদারি চালাবে।

---------------------

রাজ্যের পাঁচটি জেলায় ডেঙ্গুর প্রকোপ বাড়লেও এনিয়ে আশঙ্কার কোনো কারণ নেই বলে রাজ্য সরকার জানিয়েছে। গতবছরের তুলনায় চলতি বর্ষায় এখনো পর্যন্ত ডেঙ্গু সংক্রমণ কম রয়েছে বলে একটি পরিসংখ্যান পেশ করে স্বাস্থ্য দপ্তর জানিয়েছে। জুলাই মাসের কুড়ি তারিখ পর্যন্ত এ রাজ্যে ডেঙ্গু সংক্রমণ দেড় হাজার ছাড়িয়েছে। সংক্রমনের শীর্ষে রয়েছে উত্তর ২৪ পরগনা। সেখানে মোট আক্রান্তের সংখ্যা ২৬৮। দ্বিতীয় স্থানে থাকা মালদায় ২৩০ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন। মুর্শিদাবাদের ২২৪ জনের ডেঙ্গু সংক্রমনের খবর পাওয়া গেছে। এছাড়া হুগলিতে ১৮১ কলকাতায় ১৫২ জন এ পর্যন্ত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছেন।

---------------------

শিলিগুড়িতে সিমবক্স ব্যবহার করে আন্তর্জাতিক কল চক্র চালানোর অভিযোগে ধৃত সঞ্জয় কুমার, মুকেশ পোদ্দার ও সন্দীপ কুমার রজক গতকাল আদালত থেকে জামিন পেয়েছে। এই ঘটনায় রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স ৫টি সিমবক্স উদ্ধার করেছে। পুলিশ সূত্রে খবর, সরকারকে এড়িয়ে পাকিস্তান, চীন, এবং মধ্য ও পূর্ব এশিয়ার বিভিন্ন দেশের সঙ্গে যোগাযোগের মাধ্যম হিসেবে এই সিমবক্স ব্যবহার করে সমান্তরাল এক্সচেঞ্জ চালানো হত। ধৃতদের জেরা করে বিহারের বাসিন্দা অঞ্জনি কুমার স্বতন্ত্র ওরফে বাবলু, দিলীপ গুপ্তা ও সুজন সাহার নাম উঠে আসে। ইতমধ্যে বাবলুকে বিহার পুলিশ গ্রেপ্তার করেছে। বাকিরা পলাতক। শিলিগুড়ি থেকে ধৃত তিনজনের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার সংশ্লিষ্ট ধারা ও টেলিগ্রাফ আইনে মামলা করা হয়েছিলো।

---------------------

নদীয়ার কল্যানীর গান্ধী মেমোরিয়াল হাসপাতালে ভর্তি ভাইকে খাবার দিতে যাওয়া নিয়ে নিরাপত্তারক্ষীদের সঙ্গে বচসার জেরে ডেপুটি ম্যাজিস্ট্রেট সুশান্ত কুমার বালা আক্রান্ত হয়েছেন বলে অভিযোগ। তিনি ও তাঁর পরিবারের কয়েকজন, তেহট্টের বাসিন্দা অসুস্থ ভাইকে গতকাল হাসপাতালে দেখতে যান। খাবার নিয়ে ভেতরে ঢোকার সময় সুশান্তবাবুর এক ভাইকে নিরাপত্তারক্ষীরা আঘাত করে বলে অভিযোগ। তাঁকে বাঁচাতে গিয়ে ডেপুটি ম্যাজিস্ট্রেট নিজেও আক্রান্ত হন। দুই নিরাপত্তারক্ষীকে পুলিশ আটক করেছে। পাল্টা মারধোরের অভিযোগ করেছে নিরাপত্তারক্ষীরা।

---------------------

রাজ্যের প্রয়াত প্রাক্তন কারা ও সমাজকল্যাণ মন্ত্রী বিশ্বনাথ চৌধুরীর শেষকৃত্য আজ তাঁর নিজের শহর বালুরঘাটে সম্পন্ন হবে। গতকাল তাঁর মরদেহ বহরমপুরে রাখা

হয়েছিলো। বাড়ি ও দলীয় কার্যালয়ে আজ তাঁকে শেষ বিদায় জানানো হবে। কলকাতা থেকে শেষকৃত্যে অংশগ্রহণ করার জন্য উপস্থিত থাকবেন আরএসপি-র সর্বভারতীয় সম্পাদক মনোজ ভট্টাচার্য ও রাজ্য সম্পাদক তপন হোর সহ অন্যান্য দলীয় নেতারা।

উল্লেখ্য, গতকাল সকালে অশীতিপর শ্রী চৌধুরী এসএসকেএম হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন ক্যান্সারে ভুগছিলেন।

---------------------

রক্ষণাবেক্ষণের কাজের জন্য দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনে আগামীকাল থেকে এক সপ্তাহ বেশ কিছু ট্রেন বাতিল, যাত্রাপথ সংক্ষিপ্ত ও পরিবর্তন করা হচ্ছে। ৩০ জুলাই, ২রা এবং ৪ ঠা আগস্ট আদ্রা মেদিনীপুর মেমু বাতিল থাকবে। আদ্রা ভাগা মেমু বাতিল থাকবে ২ আগস্ট। এছাড়াও সোম, মঙ্গল, বুধ, শনি এবং রবিবার আসানসোল-পুরুলিয়া মেমু, আদ্রাতে যাত্রা বিরতি এবং যাত্রা শুরু করবে। ২ রা আগস্ট গোমো-খড়গপুর এক্সপ্রেস, চন্দ্রকোনা রোড স্টেশনে যাত্রা বিরতি করবে। সোম ও বৃহস্পতিবার টাটা-হাতিয়া এক্সপ্রেস পুরুলিয়ার বদলে গুণ্ডাবিহার-মুরি হয়ে যাবে।

---------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতসন্ধ্যায় ডুরান্ড কাপ ফুটবলের উদ্বোধনী ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট , ডাউনটাউন হিরোজকে (১-০) গোলে হারিয়ে দিয়েছে। ম্যাচের ৭৩ মিনিটে সবুজ মেরুনের হয়ে একমাত্র গোলটি করেন সুহেল ভাট।

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লীগে গতকাল দুটি খেলা হয়েছে। কল্যানীতে ইস্টার্ন রেল ২-১ গোলে রেলওয়ে এফ সি কে হারিয়ে দিয়েছে। বিধাননগরে টালিগঞ্জ অগ্রগামী ও পুলিশ এ সির খেলা গোলশূন্যভাবে শেষ হয়েছে।

--------------------- -----------------